# এনফোর্সমেন্ট বুলেটিন

(নভেম্বর, ২০২৪)



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**

**ড. আবদুল হামিদ**
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**

**ড. মুঃ সোহরাব আলী**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**

**মুহাঃ শওকাত আলী**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**

**মো: আ: সালাম সরকার**
উপপরিচালক

**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**মো: রেজুওয়ান ইসলাম**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**

ডিসেম্বর ২০২৪

**প্রকাশক**

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর



**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, ফেসবুক: facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় নভেম্বর/২০২৪ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নভেম্বর/২০২৪ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ২৭৭টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৫৫৯ প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৭৮,৪৭,৯৪৫/- (আটাত্তর লক্ষ সাতচল্লিশ হাজার নয়শত পঁয়তাল্লিশ) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ৩৮২৪১ কেজি পলিথিন ও ১৩৭ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের্র এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ২৪৪টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাট, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ৪,৯৪,৭২,৭১৪/- (চার কোটি চুরানব্বই লক্ষ বাহাত্তর হাজার সাত শত চৌদ্দ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ১৩ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**মুহাঃ শওকাত আলী**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় নভেম্বর ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক নভেম্বর ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | নভেম্বর ২০২৪ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪ | নভেম্বর ২০২৪ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

# পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় নভেম্বর ২০২৪ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম:



চিত্র: এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ



ছবি: এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি

নভেম্বর ২০২৪ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ২৪৪ (দুইশত চুয়াল্লিশ) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৪,৯৪,৭২,৭১৪/- (চার কোটি চুরানব্বই লক্ষ বাহাত্তর সাতশত চৌদ্দ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ১,৩৬,৯৮,২৫০/- (এক কোটি ছত্রিশ লক্ষ আটানব্বই হাজার দুইশত পঞ্চাশ) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহাপরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোন ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমান নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরূপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোন ক্ষমতা অধিদপ্তরের যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

# মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক নভেম্বর ২০২৪ মাসে মনিটরিং কার্যক্রম:



চিত্র: নভেম্বর/২০২৪ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ ও সেবা সংযোগ বিচ্ছিন্নকরণ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনভাবে শ্রেণি পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।

**০১ নভেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের কুমিল্লা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয়ের দায়ে ৩টি দোকান হতে মোট ৫ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১২ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**০২ নভেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের কুমিল্লা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয়ের দায়ে ১টি দোকান হতে মোট ২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১৪ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**০৩ নভেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক কামরাঙ্গীরচর এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদনকারী কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্নকরণসহ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১ ট্রাক পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। এছাড়াও পঞ্চগড়, মৌলভীবাজার, টাঙ্গাইল, গোপালগঞ্জ, কুমিল্লা, কক্সবাজার, ফেনী, খুলনা, বগুড়া, নাটোর, ময়মনসিংহ ও ভোলা জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে মোট ১ লক্ষ ৩০ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৭৪৫ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন উৎপাদন, আমদানী, বাজারজাতকরণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।

**০৪ নভেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণক্রমে নরসিংদী জেলার অবন্তি ফ্যাব্রিকস লিঃ কে ২০ হাজার টাকা; কুষ্টিয়া জেলার ঠাকুর প্রোডাক্টস এন্ড টিজে এফ কে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, শরীয়তপুর, কুমিল্লা, পটুয়াখালী, সিলেট, হবিগঞ্জ, চট্টগ্রাম, ঝিনাইদহ, পটুয়াখালী, পিরোজপুর, শেরপুর, ময়মনসিংহ, নেত্রকোণা ও জামালপুর জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে মোট ১ লক্ষ ৩২ হাজার ৪ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ২৯৪২ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।




**০৫ নভেম্বর ২০২৪ খ্রি** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণক্রমে জয়পুরহাট জেলার মেসার্স এস এস বি পোল্ট্রি কমপেক্স (ইউনিট-৩)-কে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা, টাঙ্গাইল, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, বগুড়া, সিলেট, ফেনী, চট্টগ্রাম, বান্দরবান, লক্ষীপুর, ব্রাক্ষনবাড়িয়া, কুমিল্লা, খুলনা, বরিশাল ও পঞ্চগড় জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৪৭টি প্রতিষ্ঠান হতে মোট ১ লক্ষ ৭৯ হাজার ৯ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৪০৪৩ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মেসার্স নিউ ব্রিক মেশন (এবিএম) নামক ইটভাটা হতে ৫০ হাজার টাকা জরিমানা ধার্যসহ কার্যক্রম বন্ধ করা হয়।




**০৬ নভেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা, মানিকগঞ্জ, কুমিল্লা, বরিশাল, পিরোজপুর, বরগুনা ও ঝিনাইদহ জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১৬টি প্রতিষ্ঠান হতে মোট ৬২ হাজার ৮ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১১৮ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।




বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীতে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**০৭ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা, মুন্সীগঞ্জ, চাঁদপুর, কুমিল্লা, ভোলা, বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর, গাইবান্ধা ও চুয়াডাঙ্গা জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২১টি প্রতিষ্ঠান হতে মোট ৬৬ হাজার ১ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৪৮৪৫ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**০৮ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পিরোজপুর জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ১৯ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ২৮২ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**০৯ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তর কর্তৃক পিরোজপুর ও গাইবান্ধা জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহের দায়ে ১১টি প্রতিষ্ঠান হতে মোট ৩৪ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৪৪ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬-এর বিধি ৮(১), ১৮(২) অনুযায়ী মানমাত্রা অতিক্রম করে হর্ণ বাজানো অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১০ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা, কিশোরগঞ্জ, ফেনী, পিরোজপুর, মেহেরপুর, বরগুনা, গাইবান্ধা, নওগাঁ জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১৮টি প্রতিষ্ঠান হতে মোট ৮৮ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৮৩৬ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**১১ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে গাজীপুর জেলার স্বাধীন (ডাইং) প্রা: লিমিটেডকে ৫ লক্ষ টাকা, খন্দকার প্রোডাক্টসকে ১৫ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মারসুস কর্পোরেশন ও মোহনা ওয়াশিং এর সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। ঢাকা, রাজবাড়ী, শরীয়তপুর, নারায়ণগঞ্জ, ফেনী, চাঁদপুর, কুমিল্লা, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পঞ্চগড়, ঠাকুরগাঁও, লালমনিরহাট, পাবনা, মেহেরপুর, খুলনা ও ঝিনাইদহ জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৩৮টি প্রতিষ্ঠান হতে মোট ২ লক্ষ ৭১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১৯২৪ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**১২ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণক্রমে সিরাজগঞ্জ জেলার জুয়েল ডাইংকে ৫০ হাজার টাকা, কোরিয়া বাংলা অ্যালুমিনিয়াম লিমিটেডকে ২৫ হাজার টাকা, তামান্না ডাইংকে ৫০ হাজার টাকা, মনিরুল ডাইংকে ৫০ হাজার টাকা, শাহীন কটেজ ডাইংকে ৫০ হাজার টাকা; ঢাকা জেলার ছানোয়ার হোসেনের সিসা তৈরির কারখানাকে ৫০ হাজার টাকা, নুরুল ইসলামের সিসা তৈরির কারখানাকে ৫০ হাজার টাকা, ফাতিমা ট্রেডার্সকে ৫০ হাজার টাকা, এভারগ্রিন টেক্সাইল লিমিটেডকে ১৬ লক্ষ ৩২ হাজার টাকা, এম এইচ এন্টারপ্রাইজকে ৫০ হাজার টাকা; খুলনা জেলার মেসার্স রাজাপুর সল্ট রিকভারী-২ কে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মানিকগঞ্জ, ঝালকাঠি, পাবনা, বগুড়া, যশোর, সুনামগঞ্জ ও পঞ্চগড় জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১৩টি প্রতিষ্ঠান হতে মোট ৩২ হাজার ৪ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৩৩৪ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র ব্যতীত ব্যাটারী ভাঙ্গা বা আগুনে গলানো অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।

**১৩ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা, মুন্সীগঞ্জ জেলা কার্যালয়, নরসিংদী জেলা কার্যালয়, পিরোজপুর জেলা কার্যালয়, বরিশাল জেলা কার্যালয়, পটুয়াখালী জেলা কার্যালয়, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়, হবিগঞ্জ জেলা কার্যালয়, মৌলভীবাজার জেলা কার্যালয় ও কুমিল্লা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২৫টি প্রতিষ্ঠান হতে মোট ১ লক্ষ ৯ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৯২৯৮ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। চট্টগ্রাম ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৮ টি অবৈধ ইটভাটা হতে মোট ৮ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৭ টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়।





**১৪ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার এইচ কে জি স্টিল মিলসকে ৬ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। শরীয়তপুর, বরিশাল, ঝালকাঠি, যশোর, খুলনা চাঁদপুর ও কুড়িগ্রাম জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১২টি প্রতিষ্ঠান হতে মোট ৬৪ হাজার ৭ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১৮৬৫ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। চট্টগ্রাম ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৫টি অবৈধ ইটভাটা হতে মোট ৫ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৫টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগর ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক হেক্সাড ডাইং ও জিয়াংসু ব্যাটারি নামক কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। কুড়িগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ সিসা ভাট্টি হতে ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ কার্যক্রম বন্ধ করা হয়।





**১৭ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মিরপুর এলাকার ফিরোজা ট্রেড ইন্টারন্যাশনাল নামক কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। মুন্সীগঞ্জ, হবিগঞ্জ ও খুলনা জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৮টি প্রতিষ্ঠান হতে মোট ১ লক্ষ ৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১০০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। টাঙ্গাইল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২০ টি কাঠ কয়লার চুল্লী হতে মোট ৭০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ কার্যক্রম বন্ধ করা হয়। ঝিনাইদহ কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিক্ত শব্দ দূষণের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১০টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬খ, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহণ বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**১৮ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণক্রমে নরসিংদী জেলার আ: রাজ্জাক টেক্সটাইল (ডাইং এন্ড প্রিন্টিং) কে ১ লক্ষ টাকা, আল ফালাহ পিপলস প্রা: হাসপাতাল কে ১০ হাজার টাকা; ঝিনাইদহ জেলার সেবা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা, তাছলিম ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা; ময়মনসিংহ জেলার কনজুমার নিটেক্স লি: কে ১ লক্ষ টাকা; কিশোরগঞ্জ জেলার তাকওয়া মডার্ণ মেটাল ইন্ডা: লি: কে ৮ লক্ষ টাকা, ভৈরব ট্রমা এন্ড জেনারেল হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা; গাজীপুর জেলার প্রোটিন হাউজ লি: কে ২ লক্ষ টাকা, মা এপারেলস লি: কে ৫০ হাজার টাকা, লেবাজ সুয়েটার লিমিটেডকে ৫০ হাজার টাকা; ঢাকা জেলার সুপ্রিম মেডিকেল সার্ভিসেস লি: কে ২০ হাজার টাকা, লামমীম এসোসিয়েট-১ কে ১৫ হাজার ৬ শত টাকা; রংপুর জেলার মা শিশু জেনারেল হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারকে ১০ হাজার টাকা, ল্যাব এইড ক্লিনিক এন্ড নার্সিং হোমকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। শরীয়তপুর, ঠাকুরগাঁও ও কুমিল্লা জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৫টি প্রতিষ্ঠান হতে মোট ৯ হাজার ৫শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ২২৭৩ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। টাঙ্গাইল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ ইটভাটা হতে ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ভাটার কার্যক্রম বন্ধ করা হয়। যশোর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ভৈরব নদী দূষণকারী ২টি হাসপাতাল হতে মোট ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**১৯ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণক্রমে নরসিংদী জেলার মেসার্স অর্ক টেক্সাইলকে ১ লক্ষ টাকা; ঢাকা জেলার মেসার্স হৃদয় টেক্সটাইল ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং কে ২ লক্ষ ৪৯ হাজার ৫ শত ৪ টাকা, মেসার্স টেক্সটাইল প্রসেসিং ইন্ডাস্ট্রিজকে ২ লক্ষ ২১ হাজার ৬ শত ৮০ টাকা; সিরাজগঞ্জ জেলার মাদার চাইল্ড হেলথ কেয়ার সেন্টারকে ১০ হাজার টাকা, মেসার্স কোরবান 'স' মিলকে ১০ হাজার টাকা, মেসার্স ছন্দা স মিলকে ১০ হাজার টাকা, মেসার্স তাইবা 'স' মিলকে ১০ হাজার টাকা, শাহজাদপুর আই হাসপাতাল কে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। বরগুনা, বরিশাল, ভোলা, বগুড়া, ফেনী, ঝিনাইদহ ও মানিকগঞ্জ জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১২টি প্রতিষ্ঠান হতে মোট ১ লক্ষ ৪৯ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ২৭৫৪ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। মানিকগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে সিসা কারখানা হতে ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অন্যূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**২০ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণক্রমে ঢাকা জেলার ইউরো ল্যাব এন্ড হাসপাতালকে ১০ হাজার টাকা; সিরাজগঞ্জ জেলার আব্দুল হামিদ ডাইংকে ৫০ হাজার টাকা, আবু হেনা ডাইংকে ৫০ হাজার টাকা, ওবায়দুল্লাহ ডাইংকে ৫০ হাজার টাকা, জনতা কালার ডাইংকে ৫০ হাজার টাকা, ফজলে রাব্বি সমন্বয় খামারকে ২০ হাজার টাকা, মেসার্স খান ব্রাদার্স ডাইংকে ৫০ হাজার টাকা, লিটন ডাইংকে ৫০ হাজার টাকা; গাজীপুরে জেলার নিক্কি থাই অ্যালুমিনিয়াম ইন্ডা: লি: কে ৩ লক্ষ ৩০ হাজার ২ শত ৪০ টাকা; শরীয়তপুর জেলার মায়ের দোয়া স মিল এন্ড টিম্বারকে ১০ হাজার টাকা, মেসার্স খান 'স' মিলকে ১০ হাজার টাকা, মেসার্স মাইশা টিম্বার এন্ড স মিলকে ১০ হাজার টাকা; চাঁপাইনবাবগঞ্জ জেলার মেসার্স রুপালি ব্রিকসকে ৫ লক্ষ টাকা, মেসার্স রুপালি ব্রিকস-১ কে ৫ লক্ষ টাকা, মেসার্স রুপালি ব্রিকস-২ কে ৫ লক্ষ টাকা, মেসার্স শাপলা ব্রিকস কে ৭ লক্ষ ৫০ হাজার টাকা, মেসার্স মবিন অটো এন্ড হাস্কিং মিলস লি: কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পিরোজপুর, ঝালকাঠি, ভোলা, পঞ্চগড়, নারায়ণগঞ্জ ও শরীয়তপুর জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১৩টি প্রতিষ্ঠান হতে মোট ৯৪ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৮৯৩ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**২১ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের কুমিল্লা ও ভোলা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৫টি প্রতিষ্ঠান হতে মোট ১ লক্ষ ৩৭ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১৩২১ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও জামালপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিরিক্ত শব্দ দূষণের দায়ে ৮টি যানবাহন হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১০টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।






ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এরধারা ৫, ১৫ অনুযায়ী কোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**২৪ নভেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও কুড়িগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মান মাত্রাতিরিক্ত শব্দ দূষণের দায়ে ১১টি যানবাহন হতে মোট ৬ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৭ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**২৫ নভেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণক্রমে রংপুর জেলার জনতা ক্লিনিক এন্ড নাসিং হোমকে ১০ হাজার টাকা, ওয়েলকাম ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা; নরসিংদী জেলার হালিমা টেক্সটাইলকে ১ লক্ষ টাকা, ঘোড়াশাল ডেইরি ফার্মকে ৫০ হাজার টাকা; ঠাকুরগাঁও জেলার মেসার্স হোসেন হাস্কিং মিলকে ২০ হাজার টাকা, মেসার্স কে এম ব্রিকসকে ৫ লক্ষ টাকা; নারায়ণগঞ্জ জেলার ব্রাদার্স প্লাস্টিক এন্ড পাইপকে ৩ লক্ষ টাকা; ঢাকা জেলার নাজ হাসপাতালকে ২০ হাজার টাকা, গ্রিন ভিউ ক্লিনিককে ২০ হাজার টাকা, একে এইচ এপারেলস (ঝুট বয়লার)-কে ২ লক্ষ টাকা, উজ্জল ফেব্রিকস লি: কে ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঢাকা, ভোলা, খুলনা ও ফেনী জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১০টি প্রতিষ্ঠান হতে মোট ৬৮ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ২৯৪ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। বরিশাল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিরিক্ত শব্দ দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৪ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**২৬ নভেম্বর ২০২৪ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণক্রমে ময়মনসিংহ জেলার রাইমার কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেডকে ৫০ হাজার টাকা, সওদাগর ইর্য়ান প্রসেসিং লিমিটেডকে ৫০ হাজার টাকা; সিরাজগঞ্জ জেলার খান বিল্ডার্স (আর আর প্লাজা) কে ২ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। ঝালকাঠি, হবিগঞ্জ ও সিলেট জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ৩২ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১৮০৭ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ঢাকা মহানগর ও সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক ৭টি দূষণকারী কারখানার সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বরিশাল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৫টি অবৈধ ইটভাটা হতে মোট ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস” অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোন গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।




**২৭ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের ঢাকা মহানগর, পঞ্চগড় জেলা ও চাঁপাই নবাবগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিরিক্ত শব্দ দূষণের দায়ে ১৭টি যানবাহন হতে মোট ১৬ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১৩টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। চাঁদপুর, বরগুনা, নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৬টি প্রতিষ্ঠান হতে মোট ১৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ১৪৯২ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। বরিশাল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৩টি অবৈধ ইটভাটা হতে মোট ২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৩ টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়।





**২৮ নভেম্বর ২০২৪ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষণের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ২৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। গোপালগঞ্জ জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও সরবরাহের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ আনুমানিক ৩৫০০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। বরিশাল ও বগুড়া জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৫টি অবৈধ ইটভাটা হতে মোট ৪ লক্ষ ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৫টি ভাটার কার্যক্রম বন্ধ করা হয়। খুলনা, পঞ্চগড় জেলা ও চাঁপাই নবাবগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রাতিরিক্ত শব্দ দূষণের দায়ে ৪টি যানবাহন হতে মোট ২ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ৮টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়। খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১৩টি কাঠ কয়লার চুল্লি ধ্বংস করা হয়।





অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে


LIVE


কুরিয়ার সার্ভিস থেকে ৮৪০ কেজি নিষিদ্ধ পলিথিন জব্দ


দৈনিক করতোয়া


দৈনিক করতোয়া


প্রথম আলো
সিলেটে টিলা কেটে ঘর নির্মাণের অভিযোগে ৯ জনের নামে মামলা, গ্রেপ্তার ১


দৈনিক করতোয়া
৫০ হাজার টাকা জরিমানা
বগুড়ায় প্রায় আড়াই মে.টন পলিথিন জব্দ


















অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে




















অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে"



**পরিবেশ অধিদপ্তর**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়